# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৩৮০/৪৪৫ তারিখ : ১৮-১০-২০২৩ খ্রি.

বিষয় : এডহক কমিটি গঠনের অনুমতি প্রসঙ্গে।

সূত্র : ক) ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের ২৭-০৮-২০২৩ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-২২১৮৫)।
খ) ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের সংশোধিত আবেদন ১৬-১০-২০২৩ খ্রি.তারিখ
গ) মহামান্য হাইকোর্টের ২৭-০৮-২০২৩ খ্রি. তারিখের ৩৮৫৪/২০২৩ নং রিট পিটিশন এর আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন সাগরদাঁড়ী মাইকেল মধুসূদন ইনস্টিটিউশন এর এডহক কমিটি সংক্রান্তে মহামান্য হাইকোর্ট ডিভিশনে চলমান ৩৮৫৪/২০২৩ নং রিট পিটিশন গত ২৭-০৮-২০২৩ খ্রি. তারিখে খারিজ হওয়ায় উক্ত বিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক জনাব গৌতম কুমার দত্ত গত ১৬-১০-২০২৩ খ্রি. তারিখে (সংশোধিত তারিখ) এডহক কমিটি গঠনের জন্য অনুমতি প্রার্থনা করেছেন। বিধায় মহামান্য আদালতের নির্দেশনা, বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত ও দাখিলকৃত আবেদনের প্রেক্ষিতে বর্ণিত বিদ্যালয়ে পরবর্তী ম্যানেজিং কমিটি গঠনের লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান ৩৯ অনুসারে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করা হলো। আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বিধিমোতাবেক এডহক কমিটি গঠন করে অনুমোদনের জন্য সোনালী সেবার মাধ্যমে বোর্ড তহবিলে ৩,০০০/-(তিন হাজার) টাকা ফিস এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ অনলাইনে আবেদন দাখিল করার জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন নম্বর-০২৪৭৭৭৬২৭০৫

প্রধান শিক্ষক
সাগরদাঁড়ী মাইকেল মধুসূদন ইনস্টিটিউশন (১১৫৮২০)
সাগরদাঁড়ী, কেশবপুর, যশোর

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৩৮০/৪৪৫(১-৬) তারিখ : ১৮-১০-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা প্রশাসক, যশোর।
২। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর।
৫। জনাব মোঃ আব্দুল কুদ্দুস, রিট কারী।
৬। সংরক্ষণ নথি।

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৩৮০/৪৪৬ তারিখ : ১৮-১০-২০২৩ খ্রি.

বিষয় : অবহিতকরণ প্রসঙ্গে।

সূত্র : ক) এডহক কমিটির সভাপতি কর্তৃক সাময়িক বরখাস্তকৃত প্রধান শিক্ষক জনাব শ্যামল কুমার চৌধুরী-এর যশোর শিক্ষা বোর্ডের মাননীয় চেয়ারম্যান মহোদয় বরাবর গত ২২-০৩-২০২৩ খ্রি. তারিখ ও গত ১৫-১০-২০২৩ খ্রি. তারিখের অনলাইন আবেদন (আইডি নং-২২৪৭৭)।

খ) বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ১৭-০৮-২০২৩ খ্রি. তারিখে ৪৪৮২/২০২৩ নং রিট পিটিশন-এর আদেশ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার কেশবপুর উপজেলাধীন সাগরদাঁড়ী মাইকেল মধুসূদন ইনস্টিটিউশন এর প্রধান শিক্ষক জনাব শ্যামল কুমার চৌধুরী-কে এডহক কমিটির সভাপতি গত ১৯-০৩-২০২৩ খ্রি. তারিখে সাময়িক বরখাস্ত করেন। উক্ত বরখাস্ত বিধি-বহির্ভূত হওয়ায় প্রধান শিক্ষক জনাব শ্যামল কুমার চৌধুরী যশোর শিক্ষা বোর্ডের মাননীয় চেয়ারম্যান বরাবর গত ২২-০৩-২০২৩ খ্রি. তারিখে আবেদন দাখিল করেন এবং মহামান্য হাইকোর্টে ৪৪৮২/২০২৩ নং রিট পিটিশন দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগ উক্ত রিট পিটিশন শুনানী-অন্তে গত ০৬-০৪-২০২৩ খ্রি. তারিখে গত ১৯-০৩-২০২৩ খ্রি. তারিখের সাময়িক বরখাস্ত পত্রের কার্যকারীতা ০৬ (ছয়) মাসের জন্য স্থগিতের আদেশ প্রদান করেন এবং গত ১৭-০৮-২০২৩ খ্রি. তারিখে মহামান্য আদালত জনাব শ্যামল কুমার চৌধুরীর গত ২২-০৩-২০২৩ খ্রি. তারিখে দাখিলকৃত আবেদন ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিষ্পত্তি করার জন্য নির্দেশ প্রদান করেন।

এমতাবস্থায়, মহামান্য হাইকোর্টের নির্দেশনা ও বিজ্ঞ আইন উপদেষ্টার মতামত অনুযায়ী বর্ণিত বিদ্যালয়ের এডহক কমিটির সভাপতি কর্তৃক প্রধান শিক্ষক জনাব শ্যামল কুমার চৌধুরী-কে গত ১৯-০৩-২০২৩ খ্রি. তারিখে সাময়িক বরখাস্তকরণের আদেশ বিধি-বহির্ভূত হওয়ায় গত ১৯-০৩-২০২৩ খ্রি. তারিখে এডহক কমিটির সভাপতি কর্তৃক সাময়িক বরখাস্তকরণের পত্রটি বাতিল করা হলো। বিষয়টি আপনাকে নির্দেশক্রমে অবহিত করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে
স্বাক্ষরিত
(মোঃ সিরাজুল ইসলাম)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭০৫

সভাপতি, এডহক/ম্যানেজিং কমিটি
সাগরদাঁড়ী মাইকেল মধুসূদন ইনস্টিটিউশন (১১৫৮২০)
সাগরদাঁড়ী, কেশবপুর, যশোর

স্মারক সংখ্যা-বিঅ-৬/৬৩৮০/৪৪৬(১-৭) তারিখ : ১৮-১০-২০২৩ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১। জেলা প্রশাসক, যশোর
২। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
৩। জেলা শিক্ষা অফিসার, যশোর।
৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কেশবপুর, যশোর ।
৫। জনাব শ্যামল কুমার চৌধুরী, প্রধান শিক্ষক, সাগরদাঁড়ী মাইকেল মধুসূদন ইনস্টিটিউশন, সাগরদাঁড়ী, কেশবপুর, যশোর ।
৬। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক, সাগরদাঁড়ী মাইকেল মধুসূদন ইনস্টিটিউশন, সাগরদাঁড়ী, কেশবপুর, যশোর।
৭। সংরক্ষণ নথি।

১৮/১০/২০২৩
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

১৮/১০/২৩